



বিশ্বভারতী
বিহ্বভারতী
Visva-Bharati



সংস্থাপক: রবীন্দ্রনাথ ঠাকুর
Founder: Rabindranath Tagore

আচার্য: শ্রী নরেন্দ্র মোদী
ACHARYA (CHANCELLOR)
SHRI NARENDRA MODI

উপাচার্য: প্রোফেসর বিদ্যুত চক্রবর্তী
UPACHARYA (VICE-CHANCELLOR)
PROF. BIDYUT CHAKRABARTY

ছাত্র-পরিচালকের দফতর বিশ্বভারতী পরিবারের সকল সদস্যের প্রতি

প্রায় দেড় বছর ধরে আমরা এক অভূতপূর্ব পরিস্থিতির মধ্য দিয়ে যেতে বাধ্য হচ্ছি। অপরিচিত এক মারণ-ব্যাধির সঙ্গে আমাদের নিরন্তর লড়াই করে যেতে হচ্ছে। সে লড়াই একা ব্যক্তির নয়। সে আসলে সমষ্টির লড়াই।

অথচ তার প্রথম শর্ত শারীরিক দূরত্ব বজায় রাখা। তার জন্য দিনের পর দিন আমাদের প্রিয় বিশ্বভারতী থেকে আমাদের দূরে থাকতে হচ্ছে। ছাত্রছাত্রী, অধ্যাপক-অধ্যাপিকা, কর্মীবৃন্দ মিলে আমাদের যে আনন্দময় পরিবার তা আজ গৃহবন্দী।

কিন্তু সত্যিই কি আমরা বন্দী নিজেদের গৃহকোণে? আজকের আন্তর্জালের যুগে গৃহকোণে থেকেও বিশ্বসাথে যুক্ত হওয়া কি আর তেমন অসম্ভব? একেবারেই না। অনলাইনে পঠনপাঠন যেমন দীর্ঘকাল ধরেই আমরা সাফল্যের সঙ্গে চালাতে পারছি, সে ভাবেই আমরা আমাদের মনের কথা বিনিময় করতে পারি অনলাইনেই। প্রশ্ন করতে পারি অভিজ্ঞ মানুষদের, ভরসা-জাগানো ব্যক্তিত্বদের। কথোপকথনের মাধ্যমেই কেটে যেতে পারে আমাদের একা থাকার বোধ, অসহায়তার অনুভূতি।

মনকে হতাশামুক্ত রাখা এই করোনাকালের সবচেয়ে বড় চ্যালেঞ্জ। মনে উৎসাহ না-থাকলে শরীর লড়াইয়ে জয়ী হবে কী করে? তাই ছাত্র পরিচালকের দফতর নিয়মিত আয়োজন করে চলেছে মানসিক, শারীরিক এবং আধ্যাত্মিক স্বাস্থ্য বিষয়ে বিভিন্ন আন্তর্জালিক আলোচনার। সে আলোচনা বহুতলা নয়। সেখানে আলোচকের সঙ্গে আমরা যে কেউ কথা বলতে পারি। জেনে নিতে পারি আমাদের দ্বিধা, জিজ্ঞাসার সমাধান।

কিন্তু সেই বিনিময় সফল হতে পারে না আমাদের বিশ্বভারতী পরিবারের সকল সদস্যের সক্রিয় অংশগ্রহণ ছাড়া। তাই এই অন্ধকার সময়ে সকলের কাছে আমাদের আবেদন ছাত্র পরিচালকের দফতরের এই ধরনের আয়োজনে যথাসম্ভব যোগদান করুন। এ ধরনের সব আয়োজনের সংবাদ সবিস্তারে বিশ্বভারতীর ওয়েবসাইট এবং অধ্যক্ষদের ই-মেলে পাঠানো হয়। সেগুলি লক্ষ করুন। ছড়িয়ে দিন পরিচিত বিশ্বভারতী পরিবার-সদস্যদের মধ্যে। শারীরিক দূরত্ব যেন কোনও ভাবেই আমাদের মধ্যে সামাজিক দূরত্ব এনে না দেয়।

আসুন, এই লড়াইয়ের সময়ে আমরা নির্ভয়ে আরো বেঁধে বেঁধে থাকি।

সবাই ভালো থাকুন, সুস্থ থাকুন।

অধ্যাপক শঙ্কর মজুমদার

ছাত্র-পরিচালক